



নতুন ধরনের ঐক্য

# আমাদের সময়

আমাদের সময়, 13-05-2024, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো 'এগ্রো বিজ এক্সপো ২০২৪'



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো এগ্রো বিজ এক্সপো ২০২৪। ছবি: সংগৃহীত

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির 'এগ্রো ইন্ডাস্ট্রিয়ালাইজেশন ক্লাব'-এর আয়োজনে অনুষ্ঠিত হলো ষষ্ঠ 'এগ্রো বিজ এক্সপো ২০২৪'। ১২ এবং ১৩ মে দুই দিনব্যাপী ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাস আফতাবনগরে অনুষ্ঠিত এই প্রদর্শনীতে কৃষিভিত্তিক পণ্য ও ব্যবসার বিভিন্ন ধরন এবং উদ্ভাবনকে শিক্ষার্থীদের সঙ্গে পরিচিত করানো হয়। এই মেলা কৃষি খাতের তরুণ উদ্যোক্তা, সরবরাহকারী, দোকানদার এবং এ খাতের সঙ্গে জড়িতদের তাদের পণ্য, পরিষেবা এবং উদ্ভাবন প্রদর্শনের একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে। এবারের প্রদর্শনীতে সর্বমোট ২২টি স্টলে নানা দেশীয় প্রতিষ্ঠান এবং ক্ষুদ্র উদ্যোক্তারা অংশগ্রহণ করেন।

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এই 'এগ্রো বিজ এক্সপো'র শুভ উদ্বোধন করেন। এ সময় অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক, উপ-উপাচার্য, এয়ার কমডোর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী, কোষাধ্যক্ষ এবং ক্লাবের মডারেটর ইসতিয়াক বারী এবং মো. হেলাল উদ্দিন অতিথি হিসেবে তার সঙ্গে ছিলেন। উদ্বোধন শেষে অতিথিরা মেলা পরিদর্শন করেন এবং বিক্রেতাদের সঙ্গে মতবিনিময় করেন। এরপর সকল শিক্ষার্থীদের জন্য মেলা উন্মুক্ত করা হয়। এ ধরনের মেলা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে দেশের কৃষি এবং কৃষকদের নিয়ে ইতিবাচক আগ্রহ তৈরি করে বলে আয়োজকরা মনে করেন।